

প্রেস বিজ্ঞপ্তি

২ অক্টোবর ২০১৭

মানবাধিকার সামার স্কুলে আইসিএসএফ এবং কমলা কালেক্টিভ এর ‘১৯৭১ এর যৌন নির্যাতন’- এর উপর যৌথ উপস্থাপনা

১ লা অক্টোবর ২০১৭তে অনুষ্ঠিত ১৮তম হিউম্যান রাইটস সামার স্কুলে (এইচআরএসএস/HRSS)-এ ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ/ICSF), কমলা কালেক্টিভ-এর সাথে যৌথভাবে একটি বিশেষ উপস্থাপনা পেশ করে। মূল বিষয়বস্তু ছিলো ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সংঘটিত যৌন নির্যাতন। দশ দিনব্যাপী অনুষ্ঠিতব্য সামার স্কুলটির আয়োজক ‘এম্পাওয়ারমেন্ট থ্রু ল’ অফ কমন পিপল’ (এলকপ/ELCOP), যেখানে এ বছরের নির্ধারিত বিষয়বস্তু ছিল ‘মানবাধিকার এবং নারী’। ২৭শে সেপ্টেম্বর থেকে আগামী ৭ই অক্টোবর ২০১৭ পর্যন্ত অনুষ্ঠিতব্য এই আয়োজনের স্থান মানিকগঞ্জের প্রশিকা এইচআরডিসি।

যৌথ উপস্থাপনাটি শুরু হয় আইসিএসএফ নির্মিত বাংলাদেশের গণহত্যার উপরে স্বল্প দৈর্ঘ্য তথ্যচিত্র ‘ক্রিড ফর জাস্টিস’ প্রদর্শনীর মধ্য দিয়ে। এর পরে কমলা কালেক্টিভ এর পক্ষ থেকে লীসা গাজি ‘বীরাজনা- যুদ্ধের নারী’ প্রসঙ্গে একটি কথ্য রূপের প্রযোজনা উপস্থাপন করেন।

আইসিএসএফ-এর সদস্য রাশেদা খান এবং ব্যারিস্টার তাপস কান্তি বাউল আরো দু’টি গবেষণাপত্র পেশ করেন। বিষয় ছিল, যথাক্রমে: ‘১৯৭১ সালের গণহত্যার ঠিক পরবর্তী সময়ে বাংলাদেশে গর্ভপাত আইনের/মাসিক নিয়মিতকরণ নীতির প্রয়োগ’ এবং ‘আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ১৯৭১ সালের যৌন সহিংসতার বিচার’। এই গবেষণাপত্রগুলো উপস্থাপনার পরেই ছিলো এই বছরের সামার স্কুলের অংশগ্রহণকারীদের সাথে একটি প্রশ্নোত্তর পর্ব।

পুরো অধিবেশনটি আইসিএসএফ-এর সদস্য নাবীল আশরাফ আলী পরিচালনা করেন। সেই সাথে তিনি সংগঠনের পক্ষ থেকে সংক্ষিপ্ত উদ্বোধনী ও সমাপনী বক্তব্যও প্রদান করেন।

যৌথ উপস্থাপনার পাশাপাশি আইসিএসএফ এবং কমলা কালেক্টিভ এর পক্ষ থেকে একটি পোস্টার প্রদর্শনীরও আয়োজন করা হয়। প্রদর্শনীর বিষয় ছিলো ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বাঙালি নারীদের উপর পাকিস্তানি সেনাবাহিনী এবং তাদের স্থানীয় সহযোগীদের সাহায্যে সংঘটিত নির্যাতন ও ধর্ষণ।

আন্তর্জাতিক অপরাধের ভিক্টিমদের ন্যায়বিচার প্রদানের লক্ষ্যে কর্মরত শিক্ষাবিদ, গবেষক, বিশেষজ্ঞ এবং কর্মীদের সমন্বয়ে গঠিত ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্র্যাটেজি ফোরাম (আইসিএসএফ) একটি স্বাধীন বৈশ্বিক নেটওয়ার্ক যা দীর্ঘদিন ধরে বাংলাদেশে সংগঠিত গণহত্যার স্বীকৃতি আদায় ও অপরাধীদের বিচারের আওতায় আনার লক্ষ্যে কাজ করে চলেছে।

কমলা কালেক্টিভ লন্ডনভিত্তিক থিয়েটার এবং আর্টস দল, যারা তাদের প্রযোজনাগুলোতে নারীর দৃষ্টিকোণ তুলে আনায় নিবেদিত। ‘বীরাজনা: যুদ্ধের নারী’ তাদের একটি অন্যতম প্রযোজনা, যা বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় নির্যাতিত ও ধর্ষিত ২ লক্ষ নারীর না-বলা সত্য ঘটনা অবলম্বনে নির্মিত।